# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৪১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৬. রাতের (তাহজ্জুদ) সালাত সম্পর্কে

## باب فِي صَلاَةِ اللَّيْلِ

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ سَعِيدِ بْنِ أَبِي سَعِيدٍ الْمَقْبُرِيِّ، عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ، أَنَّهُ أَخْبَرَهُ : أَنَّهُ، سَأَلَ عَائِشَةَ زَوْجَ النَّبِيِّ صلي الله عليه وسلم كَيْفَ كَانَتْ صَلاَةُ رَسُولِ اللهِ صلي الله عليه وسلم فِي رَمَضَانَ فَقَالَتْ : مَا كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَزِيدُ فِي رَمَضَانَ وَلاَ فِي غَيْرِهِ عَلَى إِحْدَى عَشْرَةَ رَكْعَةً : يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ، ثُمَّ يُصَلِّي أَرْبَعًا فَلاَ تَسْأَلْ عَنْ حُسْنِهِنَّ وَطُولِهِنَّ، ثُمَّ يُصَلِّي ثَلاَثًا، قَالَتْ عَائِشَةُ ـ ـ فَقُلْتُ : يَا رَسُولَ اللهِ! أَتَنَامُ قَبْلَ أَنْ تُوتِرَ قَالَ : " يَا عَائِشَةُ إِنَّ عَيْنَىَّ تَنَامَانِ وَلاَ يَنَامُ قَلْبِي " .

ـ صحيح : ق

বাংলা

১৩৪১। আবূ সালামাহ ইবনু ’আবদুর রহমান (রহঃ) সূত্রে বর্ণিত। একদা তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর স্ত্রী ’আয়িশাহ্ (রাঃ) কে জিজ্ঞেস করলেন, রমাযান ও রমাযান ছাড়া অন্য সময়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সালাত কিরূপ ছিল? তিনি বলেন, রমাযান ও রমাযান ছাড়া অন্য সময়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এগার রাক’আতের অধিক সালাত আদায় করতেন না। তিনি প্রথমে চার রাক’আত আদায় করতেন, খুবই সুন্দর ও দীর্ঘায়িত করে।

অতঃপর চার রাক’আত, তাও এতো সুন্দর ও দীর্ঘায়িত হতো যে, তা আর জিজ্ঞেস করো না। সর্বশেষে (বিতর আদায় করতেন) তিন রাক’আত। ’আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রসূল! আপনি কি বিতর সালাতের পূর্বে ঘুমান? তিনি বললেনঃ হে ’আয়িশাহ্! আমার দু’ চোখ ঘুমায় কিন্তু আমার অন্তর জাগ্রত থাকে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Abu Salamah b. 'Abd al-Rahman asked 'Aishah, the wife of the Prophet (ﷺ): How did the Messenger of Allah (ﷺ) pray during Ramadhan ? She said: The Messenger of Allah (ﷺ) did not pray more than eleven rak'ahs during Ramadhan and other than Ramadhan. He would pray four rak'ahs. Do not ask about their elegance and length. He then would pray for rak'ahs. Do not ask about their alegance and length. Then he would pray three rak'ahs. 'Aishah said: I asked: Messenger of Allah, do you sleep before observing witr ? He replied: 'Aishah, my eyes sleep, but my heart does not sleep.

### ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : তাহাজ্জুদ, অনুঃ রমাযান ও অন্য মাসে নাবী সাঃ- এর ক্বিয়াম, হাঃ ১১৪৭), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ রাতের সালাত এবং নাবী সাঃ- তা কত রাক‘আত পড়তেন)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58659

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন